

(একই স্মারক ও তারিখে জারীকৃত আদেশের স্থলাভিষিক্ত হবে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রকল্প পরিচালকের কার্যালয়

Centre for Environment & Climate Change Research (CECCR) Project

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

পরিবেশ ভবন, ই-১৬, আগারগাঁও, ঢাকা-১২০৭।

স্মারক নং- CECCR Project /জনবল নিয়োগ (১ম ও ২য় শ্রেণী)/০০৬/২০১৯/১৪১

তারিখঃ ০৮/০২/২০২১ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এর অধীন Centre for Environment & Climate Change Research (CECCR) শীর্ষক প্রকল্পের আওতায় শুধুমাত্র প্রকল্পকালীন সময়ের জন্য সর্বসাকুল্য বেতনে (চুক্তিভিত্তিক) নিম্নোক্ত পদে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্রঃ নং | পদের নাম ও সর্বসাকুল্যে বেতন (জাতীয় বেতন স্কেল-২০১৫) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|------------|---|----------------|--|
| ০১। | সিনিয়র রিসার্চ অফিসার ৫৬,৫২৫/- (সর্বসাকুল্যে) | ০১টি | ক) পরিবেশ বিজ্ঞান/ বন ও পরিবেশ বিজ্ঞান/ পদার্থবিদ্যা/ জীব বিজ্ঞান/ পরিবেশ প্রকৌশল বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী। পিএইচডি ডিগ্রীধারী প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। খ) অভিজ্ঞতাঃ কোন বিশ্ববিদ্যালয়/ থিঙ্ক ট্যাংক/দাতব্য সংস্থা/ পরামর্শক প্রতিষ্ঠানে পরিবেশ ও জলবায়ু পরিবর্তন বিষয়ক গবেষণা কাজে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০২। | রিসার্চ অফিসার (প্রশমন) ৩৫,৬০০/- (সর্বসাকুল্যে) | ০১টি | ক) পরিবেশ বিজ্ঞান / বন ও পরিবেশ বিজ্ঞান/ পদার্থবিদ্যা/ জীব বিজ্ঞান/ পরিবেশ প্রকৌশল বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী। খ) অভিজ্ঞতাঃ আইপিসিসি গ্রিনহাউজ গ্যাস অনুসন্ধান পদ্ধতির সাথে পরিচিতিসহ জলবায়ু পরিবর্তন ও প্রশমন মূল্যায়ন সম্পর্কিত বিষয়ে কমপক্ষে ০১ (এক) বছরের ব্যবহারিক কাজের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৩। | রিসার্চ অফিসার (অভিযোজন) ৩৫,৬০০/- (সর্বসাকুল্যে) | ০১টি | ক) পরিবেশ বিজ্ঞান / বন ও পরিবেশ বিজ্ঞান/ পদার্থবিদ্যা/ জীব বিজ্ঞান/ পরিবেশ প্রকৌশল বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী। খ) অভিজ্ঞতাঃ জলবায়ু পরিবর্তনের প্রভাব, বিপদাপন্নতা (Vulnerability) এবং অভিযোজন মূল্যায়ন সম্পর্কিত বিষয়ে কমপক্ষে ০১ (এক) বছরের ব্যবহারিক কাজের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৪। | রিসার্চ অফিসার (পরিবেশ) ৩৫,৬০০/- (সর্বসাকুল্যে) | ০১টি | ক) পরিবেশ বিজ্ঞান / বন ও পরিবেশ বিজ্ঞান/ পদার্থবিদ্যা/ জীব বিজ্ঞান/ পরিবেশ প্রকৌশল বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী। খ) অভিজ্ঞতাঃ কোন বিশ্ববিদ্যালয়/ থিঙ্ক ট্যাংক/দাতব্য সংস্থা/ পরামর্শক প্রতিষ্ঠানে পরিবেশ ও জলবায়ু পরিবর্তন বিষয়ক গবেষণা কাজে কমপক্ষে ০১ (এক) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৫। | সহকারী প্রোগ্রামার ৩৫,৬০০/- (সর্বসাকুল্যে) | ০১টি | কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং / কম্পিউটার সাইন্স বিষয়ে স্নাতক ডিগ্রী। |
| | মোট | ০৫ টি | |

শর্তাবলীঃ

- আবেদনকারীকে অবশ্যই জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত “ছক” পূরণপূর্বক নিম্নস্বাক্ষরকারী বরাবর আগামী ০৪/০৩/২০২১ খ্রিঃ অথবা তৎপূর্বে অফিস চলাকালীন সময়ের মধ্যে প্রকল্প পরিচালক, Centre for Environment & Climate Change Research (CECCR) Project, পরিবেশ ভবন, কক্ষ নং-৪১২ (৪র্থ তলা), ই-১৬, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭ ঠিকানায় অবশ্যই প্রাপ্তি স্বীকারপত্র সহ রেজিস্টার্ড ডাকযোগে প্রেরণ করতে হবে। সরাসরি বা হাতে হাতে কোন আবেদন গ্রহণ করা হবে না।
- আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙীন ছবি, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা সনদ, নাগরিকত্ব সনদ এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি সংযোজন করতে হবে। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও স্থায়ী বাসিন্দা হতে হবে।
- আবেদনপত্র প্রেরণের খামের উপরের বামপার্শ্বে অবশ্যই স্পষ্ট অক্ষরে পদের নাম উল্লেখ করতে হবে।
- সর্বসাকুল্য বেতনে চুক্তিভিত্তিক নিয়োগের নিমিত্ত ০৪/০৩/২০২১ তারিখে আবেদনকারীর সর্বোচ্চ বয়সসীমা ৪৫ বছর।
- সর্বসাকুল্য বেতনে নিয়োগকৃত জনবল অর্থ মন্ত্রণালয় কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশনা মোতাবেক অন্যান্য সুবিধা প্রাপ্য হবেন।
- Project Director, Centre for Environment & Climate Change Research (CECCR) Project -এর অনুকূলে যে কোন তফশিলী ব্যাংক থেকে উল্লিখিত পদের জন্য ১০০/- (একশত) টাকা মূল্যমানের পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।
- কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করতে পারবেন।
- নির্বাচনী পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(মোঃ মিজানুল হক চৌধুরী)
অতিরিক্ত সচিব
ও
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২-৮১৮১২৯৫